# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**02 DECEMBER 2025** **7:45—7:55 PM**

---

(১) ভোটার তালিকার বিশেষ পুংখানুপুংখ সংশোধনী ইত্যাদি বিষয়ে বিরোধী পক্ষের প্রতিবাদে সংসদের কাজকর্ম ব্যহত/ সংসদীয় পরিক্রমা মন্ত্রী কিরেণ রিজিজুর সংসদের কার্যসূচীতে বিরোধী দলের নেতারা ব্যাঘাত সৃষ্টি করার কাজের কঠোর ভাষায় সমালোচনা/

(২) রাজ্যের চা জনগোষ্ঠীর লোকেদের ভূমির অধিকার প্রদান সম্পর্কে মুখ্যমন্ত্রী ডঃ হিমন্তবিশ্ব শর্মার জেলাগুলির আয়ুক্তদের সঙ্গে গুরুত্বপূর্ণ বৈঠক/

(৩) আসাম পুলিশ সহ গৃহ বিভাগের মোট পাঁচ হাজার ৮১৮ জন নবনির্বাচিত প্রার্থীকে আগামীকাল গুয়াহাটিতে নিযুক্তিপত্র প্রদান/

এবং

(৪) মুখ্যমন্ত্রী ডঃ হিমন্তবিশ্ব শর্মা হাইলাকান্দি বিধানসভা এলাকার মহিলা উদ্যমিতা প্রকল্পের চেক বিতরণ অনুষ্ঠানে যোগ দিতে আগামী শনিবার হাইলাকান্দিতে/

---

ভোটার তালিকার বিশেষ বিস্তৃত সংশোধনী সহ বিভিন্ন বিষয় নিয়ে বিরোধী পক্ষের সৃষ্টি করা হুলুস্থুলময় পরিস্থিতির পরিপ্রেক্ষিতে সংসদের উভয় সভা আজ বিকেল দুটো পর্যন্ত স্থগিত রাখা হয় । প্রথমবারের জন্য সভা স্থগিত রাখার পর লোকসভার অধিবেশন বেলা বারোটায় পুনরায় আরম্ভ হওয়ার সঙ্গে সঙ্গে বিরোধী পক্ষের সদস্যরা তাদের দাবীর সমর্থনে ধর্না দিতে আরম্ভ করেন । সংসদীয় পরিক্রমা মন্ত্রী কিরেন রিজিজু সভায় যেকোনো বিষয় নিয়ে আলোচনা করতে সরকার প্রস্তুত বলে উল্লেখ করে লোকসভার কাজকর্ম বিঘ্নিত না করতে বিরোধী পক্ষের সাংসদদের অনুরোধ জানান । এছাড়া বিরোধী পক্ষের সদস্যদের প্রতিবাদী কার্যসূচী অব্যাহত থাকায় লোকসভায় বেলা দুটো

পর্যন্ত স্থগিত রাখা হয় । বেলা দুটোর পর পুনরায় সভার কাজ শুরু হলে পুনরায় হুলুস্থুল শুরু হয় । এরপর অধ্যক্ষ সভা স্থগিত রাখতে বাধ্য হন ।
অনুরূপভাবে রাজ্যসভায় বিরোধী পক্ষের সাংসদরা একই বিষয় নিয়ে হুলুস্থুলময় পরিবেশের সৃষ্টি করায় আজ বিকেল দুটো পর্যন্ত সভা স্থগিত রাখা হয় ।

---

সংসদীয় পরিক্রমা মন্ত্রী কিরেণ রিজিজু আজ ভোটার তালিকার বিশেষ বিস্তৃত সংশোধনীর বিষয়টিকে নিয়ে সংসদের কার্যসূচীতে বিরোধী দলের নেতাদের ব্যাঘাত ঘটানোর কাজকে কঠোর ভাষায় সমালোচনা করেছেন । সংসদের বাইরে সাংবাদিকদের সঙ্গে কথাপ্রসঙ্গে শ্রী রিজিজু বলেন যে- বিরোধী নেতারা এই বিষয়টিকে নিয়ে সংসদের কাজকর্মে ব্যাঘাত ঘটানোর প্রয়োজন নেই । তিনি আরো বলেন যে- বিরোধী পক্ষের আনা বহু বিষয় সম্পর্কে সরকার সংসদে বিতর্কের আয়োজন করবে ।

এদিকে আজ সংসদের শীতকালীন অধিবেশনের দ্বিতীয় দিনে সংসদের বাইরে রাহুল গান্ধী, প্রিয়াঙ্কা গান্ধী, সোনিয়া গান্ধী সহ বিরোধী দলের নেতারা ভোটার তালিকার বিশেষ বিস্তৃত সংশোধনী প্রত্যাহার করার দাবীতে প্রতিবাদ কার্যসূচি পালন করেন ।

---

গ্রামীণ অর্থনীতিকে সবল করে তোলার উদ্দেশ্যে সমবায় ক্ষেত্রে সরকার বিগত চার বছরে বেশকয়েকটি যুগান্তকারী পদক্ষেপ গ্রহণ করেছে । লোকসভায় আজ প্রশ্নোত্তর কালে এক পরিপূরক প্রশ্নের উত্তরে কেন্দ্রীয় সমবায় দপ্তরের প্রতিমন্ত্রী মুরলীধর মহল বলেন যে- নরেন্দ্র মোদীর নেতৃত্বাধীন বর্তমান সরকার সমবায় সমিতিসমূহকে শক্তিশালী করার উদ্দেশ্যে সমবায় মন্ত্রণালয় প্রতিষ্ঠা করেছে । তিনি বলেন- সমগ্র দেশে মোট আট লক্ষ সমবায় সমিতি রয়েছে এবং কমপক্ষে ৩০ কোটি লোক এসবের সদস্য হিসেবে সমিতি সমূহের সঙ্গে সরাসরি সংযুক্ত হয়েছেন । মন্ত্রী শ্রী মহল বলেন যে- দেশের ৫০ শতাংশ জনসংখ্যা সমবায় ক্ষেত্রের সঙ্গে সংযুক্ত হয়েছে ।

---

উন্নত ভারত গড়ে তুলতে হলে দেশের সকল রাজ্যের সব ক্ষেত্রের উন্নয়ন এবং প্রগতি নিশ্চিত করতে হবে বলে কেন্দ্রীয় মৎস্য, পশুপালন এবং দুগ্ধ উৎপাদন মন্ত্রী রাজীব রঞ্জন সিং প্রকাশ করেছেন । লোকসভায় আজ এক পরিপূরক প্রশ্নের উত্তরে তিনি বলেন যে- প্রধানমন্ত্রী মৎস্য সম্পদ যোজনার অধীনে মৎস্য ক্ষেত্রে বৈপ্লবিক পরিবর্তন হয়েছে । তিনি বলেন যে- যেকোনো প্রকল্পের সাফল্যের ক্ষেত্রে রাজ্য সরকার সমূহের সহযোগিতা অতি গুরুত্বপূর্ণ ।

---

সংসদে আজ মণিপুর সামগ্রী ও সেবা কর দ্বিতীয় সংশোধনী বিল-২০২৫ গৃহীত হয়েছে। এই বিলটির মাধ্যমে ২০১৭ সালের সামগ্রী ও সেবা কর আইনের সংশোধন করা হবে । এছাড়া বিলটিতে  মণিপুর সামগ্রী ও সেবা কর দ্বিতীয় সংশোধনী অধ্যাদেশ ২০২৫ ও স্থান পাবে । আজ রাজ্যসভায় অর্থ প্রতিমন্ত্রী পংকজ চৌধুরী এই বিলটি উত্থাপন করেন ।এর মাধ্যমে জি এস টি পরিষদের সিদ্ধান্তসমূহ কার্যকর করার ব্যাবস্থা করা হবে । এরফলে মণিপুরেও জি এস টি এখন থেকে দুটি পর্যায়ে ৫ শতাংশ ও ১৮ শতাংশ হবে । উল্লেখ্য মণিপুর জি এস টি সংশোধনী বিল এর আগে লোকসভায় গৃহীত হয়েছিলো ।

---

আজ আসাম দিবস । স্বর্গদেও চাওলুং চুকাফার বীরত্ব , বিচক্ষণতা ও অবদানকে স্মরণ করে রাজ্যের বিভিন্ন প্রান্তে আসাম দিবস উপলক্ষ্যে বিভিন্ন কার্যসূচীর আয়োজন করা হয়েছে । মূখ্যমন্ত্রী ড.হিমন্ত বিশ্ব শর্মা স্বর্গদেও চাওলুং চুকাফাকে স্মরণ করে সামাজিক মাধ্যমে এক বিশেষ বার্তা দিয়েছেন । চাওলুং চুকাফাকে সম্মান জানিয়ে রাজ্য সরকারের ঘোষণা করা চরাইদেওর চুকাফা বিশ্ববিদ্যালয় স্বর্গদেও চুকাফার  গড়ে তোলা বৃহত্তর আসামের ভিত বাস্তবায়িত করার প্রয়াস বলেও মূখ্যমন্ত্রী উল্লেখ করেন । রাজ্যপাল লক্ষনপ্রসাদ আচার্য আসাম দিবস উপলক্ষ্যে রাজ্যবাসীকে আসামের প্রথম স্বর্গদেওর আদর্শে অনুপ্রাণিত হবার আহ্বান জানান । আসাম দিবসের কেন্দ্রীয় কার্যসূচী রাজ্যসরকারের সাংস্কৃতিক পরিক্রমা বিভাগের উদ্যোগে শিবসাগর জেলার নাজিরা খেলার ময়দানে  সারাদিনব্যাপী কার্যসূচীর মাধ্যমে উদযাপন করা হয়েছে ।

---

চা জনগোষ্ঠীর লোকেদের ভূমির অধিকার প্রদান সম্পর্কে আজ মুখ্যমন্ত্রী ডঃ হিমন্তবিশ্ব শর্মা রাজ্যের বিভিন্ন জেলা আয়ুক্তদের সঙ্গে এক গুরুত্বপূর্ণ বৈঠকে মিলিত হয়েছেন । চা জনগোষ্ঠীর লোকেদের কী পদ্ধতিতে ভূমির হস্তান্তর করা হবে, সেই সম্পর্কে মুখ্যমন্ত্রীর সংশ্লিষ্ট জেলা সমূহের আয়ুক্তদের নির্দেশনা দেওয়ার সম্ভাবনা রয়েছে । এই বৈঠকে রাজ্যের দুই মন্ত্রী কেশব মহন্ত এবং জয়ন্ত মল্ল বড়ুয়া ছাড়াও রাজ্য সরকারের উচ্চপদস্থ আধিকারিকরাও অংশ গ্রহণ করেন ।

---

আসাম পুলিশ সহ গৃহ বিভাগের মোট ৫ হাজার ৮১৮ জন নব-নির্বাচিত প্রার্থীকে আগামীকাল নিযুক্তিপত্র প্রদান করা হবে । সরুসজাইয়ের অর্জুন ভোগেশ্বর বরুয়া ক্রীড়া প্রকল্পে আগামীকাল সকাল ১১ টায় আয়োজিত এক অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী ড.হিমন্ত বিশ্ব

শর্মা নিযুক্তি-পত্রসমূহ প্রদান করবেন । এরমধ্যে আসাম পুলিশের উপ-পরিদর্শক এবং সমপর্যায়ের পদে ১৫৬ জন ,কনস্টেবল ও সমপর্যায়ের পদে ৫ হাজার ৪১০ জন প্রার্থী সহ চতুর্থ শ্রেণীর পদের প্রার্থী রয়েছে । নির্বাচিত প্রার্থীদের মধ্যে  ৫ হাজার ১০ জন আসাম পুলিশ ,৪১১ জন আসাম পুলিশ বেতার সংগঠন ,৩৬১ জন গৃহরক্ষী এবং অসামরিক প্রতিরক্ষা  , ২১ জন অগ্নি ও জরুরীকালীন সেবা ,১২ জন কারাগার ও তিনজন ফরেনসিক বিজ্ঞান সঞ্চালকালয়ে নিযুক্তি লাভ করেছে । চা জনজাতি সম্প্রদায়ের জন্য সংরক্ষিত তিন শতাংশ পদে নির্বাচিত ১২০ জন প্রার্থীকে আগামী ৮ ডিসেম্বর পৃথকভাবে নিযুক্তিপত্র প্রদান করা হবে ।

৫ হাজার ৫৫০ জন টেট উত্তীর্ণ শিক্ষককে রাজ্যসরকার ইতিমধ্যে নিযুক্তি পত্র প্রদান করেছে ।

--------------------------------------------------------------------------------------

মূখ্যমন্ত্রী ড.হিমন্ত বিশ্ব শর্মা আগামী শনিবার হাইলাকান্দি সফরে আসছেন । মহিলা উদ্যমিতা প্রকল্পের অধীনে তিনি হাইলাকান্দি বিধানসভা এলাকার ১৭ হাজার ৫০০ টি স্বনির্ভর গোষ্ঠীর সদস্যদের হাতে আর্থিক সহায়তার চেক তুলে দেবেন । হাইলাকান্দি জেলা ক্রীড়া সংস্থার মাঠে এই অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে ।

--------------------------------------------------------------------------------------

রাজ্যের শিক্ষা ও সমতল উপজাতি কল্যান বিভাগের মন্ত্রী ডাক্তার রনোজ পেগু আজ শ্রীভূমি জেলা শহরে নির্মিয়মান একটি আদিবাসী ছাত্রাবাসের কাজ পরিদর্শন করেন । শিক্ষামন্ত্রী ডাক্টার পেগু জানান যে আগামী বছর শ্রীভূমি জেলার দুই সমজেলা পাথারকান্দি ও রামকৃষ্ণনগরে আদিবাসী ছাত্রদের জন্য আরো দুটি ছাত্রাবাস নির্মানের কাজ শুরু করা হবে । শ্রীভূমি জেলায় নিযুক্তিপ্রাপ্ত স্নাতক শিক্ষকদের বিভিন্ন স্কুলে নিয়োজিত করার ক্ষেত্রে  অর্থ সংগ্রহ করার উত্থাপিত অভিযোগের বিষয়ে করা এক প্রশ্নের উত্তরে শিক্ষামন্ত্রী ডাক্তার পেগু জানান যে বিষয়টির সত্যতা খতিয়ে দেখা হবে । শিক্ষামন্ত্রী আরো জানান ------

বাইট

আজকের অনুষ্ঠানে মন্ত্রীর সঙ্গে বিধায়ক কমলাক্ষ্য দে পুরকায়স্থ ও বিজেপির জেলা সভাপতি সঞ্জীব বনিক প্রমূখ উপস্থিত ছিলেন ।

---------------------------------------------------------------------------------------
শ্রীভূমি শহরের তিলকচাঁন্দ রোডে গতকাল গভীর রাতে এক ভয়াবহ অগ্নিকান্ডে একটি বসতবাড়ী সম্পূর্ন ভস্মীভূত হয়ে যায় । আমাদের সংবাদদাতা জানিয়েছেন যে বিদ্যুৎ-এর শর্ট সার্কিট থেকে এই অগ্নিকান্ডের সূত্রপাত হয় । এদিকে রাজ্যের পূর্ত,মৎস্য , পশুপালন ও পশু চিকিৎসা বিভাগের মন্ত্রী কৃষ্ণেন্দু পাল ক্ষতিগ্রস্ত পরিবারের খোঁজ খবর নিয়ে তাদের সাহায্যের আশ্বাস দিয়েছেন ।

---------------------------------------------------------------------------------------
অসম হাইস্কুল শিক্ষক সংস্থার ২১তম দ্বি-বার্ষিক অধিবেশন আজ হাইলাকান্দি জেলার পূর্ব কিত্তারবন্দ উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ে সম্পন্ন হয়েছে । সকালে পতাকা উত্তোলনের মাধ্যমে অনুষ্ঠানের সূচনা হয় । এরপর স্মৃতি তর্পন , সাফাই অভিযান , প্রতিনিধি সভা অনুষ্ঠিত হয় । এছাড়া দ্বি-বার্ষিক অধিবেশনে শিক্ষকদের সমস্যা , শিক্ষা সেতু এ্যাপ-এর সুবিধা এবং শিক্ষার মানোন্নয়নের ক্ষেত্রে সরকারের দৃষ্টি আর্কষন নিয়ে আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে । এপ্রসঙ্গে অসম হাইস্কুল শিক্ষক সংস্থার রাজ্য সভাপতি সুনন্দা কলিতা আমাদের সংবাদদাতাকে জানান------

---------------------------------------------------------------------------------------
ধলাই-র বিধায়ক নীহার রঞ্জন দাস আজ রুকনী পশ্চিম গ্রাম পঞ্চায়েতে প্রধানমন্ত্রী চা শ্রমিক প্রোৎসাহন যোজনার অধীনে রুকনী চা বাগান নিম্ন প্রাথমিক বিদ্যালয়কে উচ্চ প্রাথমিক বিদ্যালয়ে উন্নীতকরনের লক্ষ্যে ৩৫ লক্ষ ২৮ হাজার টাকার মঞ্জুরীকৃত অর্থে ভবন নির্মান এবং রাখালটিলায় আনটাইড ফান্ড থেকে ৫ লক্ষ টাকা ব্যয় সাপেক্ষে ছটপূজা ঘাটের শিলান্যাস করেন । আজকের শিলান্যাস অনুষ্ঠানে বিজেপি পালংঘাট মন্ডল সভাপতি অপূর্ব দাস , জেলা পরিষদ সদস্য মিহির কান্তি রায় , আঞ্চলিক পঞ্চায়েত সদস্য বিজয় গোয়ালা প্রমূখ উপস্থিত ছিলেন ।

---------------------------------------------------------------------------------------